

🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৬২

১/ বিবিধ

আরবী

من وهب هبة فارتجع بها فهو أحق بها ما لم يثب عليها، ولكنه كالكلب يعود في قيئه ضعيف

أخرجه الدارقطني في " سننه " (307) من طريق إبراهيم بن أبي يحيى عن محمد بن عبيد الله عن عطاء عن ابن عباس مرفوعا

قال الزيلعي في " نصب الراية " (4 / 125) : وأعله عبد الحق في " أحكامه " بمحمد بن عبيد الله العرزمي، قال ابن القطان كالمتعقب عليه: وهو لم يصل إلى العرزمي إلا على لسان كذاب، وهو إبراهيم بن أبي يحيى الأسلمي، فلعل الجناية

منه، انتهی

قلت: والعرزمي متروك كما في " التقريب "، لكن قد روي بسند أصلح من هذا أخرجه الطبراني (11317) من طريق ابن أبي ليلى عن عطاء به، وابن أبي ليلى سيء الحفظ

বাংলা

৩৬২। যে ব্যক্তি হিবা করল, অতঃপর তা ফিরিয়ে নিল; সেই তার বেশী হকদার, যতক্ষণ পর্যন্ত তার প্রতিদান দেয়া না হবে। কিন্তু সে যেন ঐ কুকুরের ন্যায় যে তার বমিকে পুনরায় খায়।

হাদীসটি দুর্বল।

এটি দারাকুতনী তার "সুনান" গ্রন্থে (৩০৭) ইবরাহীম ইবনু আবী ইয়াহইয়া সূত্রে মুহাম্মাদ ইবনু ওবায়দিল্লাহ হতে বর্ণনা করেছেন। যায়লাঈ "নাসবুর রায়া" গ্রন্থে (৪/১২৫) বলেছেনঃ আব্দুল হক তার "আল-আহকাম" গ্রন্থে হাদীসটি দুর্বল হওয়ার কারণ হিসাবে মুহাম্মাদ ইবনু ওবায়দিল্লাহ আর্যামীকে চিহ্নিত করেছেন। ইবনু কান্তান



বলেনঃ এটি আর্যামীর নিকট মিথ্যুক ভাষার উপর ভিত্তি করেই পৌছেছে।

আমি (আলবানী) বলছিঃ আরযামী মাতরূক; যেরূপভাবে "আত-তাকরীব" গ্রন্থে এসেছে। কিন্তু হাদীসটি এটির চেয়ে সঠিক সনদে বর্ণিত হয়েছে; যেটি তাবারানী (১১৩১৭) ইবনু আবী লায়লা সূত্রে আতা হতে বর্ণনা করেছেন। কিন্তু ইবনু আবী লায়লার হেফ্যে ক্রটি ছিল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

<u> হ্রাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন</u>